গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা

বিষয়: জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিটিজেন চার্টার অনুযায়ী ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর/২১) সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	ড. মহ: শের আলী যুগ্মসচিব
সভার তারিখ	৩০-০৯-২০২১ খ্রি:
সভার সময়	সকাল ১০:০০ ঘটিকা
স্থান	কক্ষ নং-১০৩, ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
উপস্থিতি	পরিশিষ্ট 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে)

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-১) জানান, গত ৩০-০৬-২০২১ তারিখে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত ত্রৈমাসিক (এপ্রিল-জুন/২১) সভা অনুষ্ঠিত হয়। বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে সভায় জানতে চাওয়া হলে উপসচিব (প্রশাসন-১) জানান যে, সর্বশেষ কর্মবন্টন অনুযায়ী এবং কয়েকজন কর্মকর্তার বদলিজনিত কারণে এ বিভাগের সিটিজেনস চার্টারে কর্মকর্তাদের নাম, মোবাইল, ই-মেইল হালনাগাদ/পরিবর্তন করা প্রয়োজন। এছাড়া এ বিভাগের সিটিজেন চার্টার হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। সভাপতি সিটিজেন চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা যথাসময়ে প্রদানের জন্য উপস্থিত সকলকে আরও তৎপর হওয়ার এবং দপ্তর/সংস্থায় সিটিজেন চার্টার হালনাগাদ করে সে অনুযায়ী যথাসময়ে সেবা প্রদান করার নির্দেশনা প্রদান করেন।

বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) সকল দপ্তর/অধিশাখা/শাখা সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করবে;

খ) এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থায় সর্বশেষ কর্মবন্টন অনুযায়ী কর্মকতাদের নাম, মোবাইল, ই-মেইল হালনাগাদ/পরিবর্তন করে তথ্য বাতায়নে আপলোড এবং সে অনুযায়ী সেবা প্রদান করতে হবে;

গ) এ বিভাগের সিটিজেন চার্টার হালনাগাদ করতে হবে; এবং

ঘ) অংশীজনদের নিয়ে নিয়মিত সভা আয়োজন করতে হবে।

২। আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ড. মহ: শের আলী
যুগ্মসচিব

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২০.৩১.০৬০.২০.১৭৯১

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৮

৩০ সেপ্টেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, সমন্বয় ও সংস্কার, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।

২) উপসচিব, উন্নয়ন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

৩) উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৪) উপসচিব, সুশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।

৫) উপসচিব, অপারেশন-১ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

৬) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

৭) প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

৮) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

এইচ. এম. খালিদ ইফতেখার
উপসচিব